

## 🗏 আল-হাক্কাহ | Al-Haqqa | ٱلْحَاقَّة

আয়াতঃ ৬৯ : ১৯

## আরবি মূল আয়াত:

## 

তখন যার আমলনামা তার ডান হাতে দেয়া হবে সে বলবে, 'নাও, আমার আমলনামা পড়ে দেখ'। — আল-বায়ান তখন যাকে তার 'আমালনামা তার ডান হাতে দেয়া হবে সে বলবে, 'এই যে আমার 'আমালানামা পড়ে দেখ, — তাইসিরুল

তখন যাকে তার 'আমলনামা ডান হাতে দেয়া হবে সে বলবেঃ নাও, আমার 'আমলনামা পাঠ করে দেখ। — মুজিবুর রহমান

So as for he who is given his record in his right hand, he will say, "Here, read my record! — Sahih International

- ১৯. তখন যাকে তার আমলনামা তার ডান হাতে দেয়া হবে, সে বলবে, লও, আমার আমলনামা পড়ে দেখ(১);
  - (১) الله শব্দের এক অর্থ, আসা অন্য অর্থ, লও। উদ্দেশ্য এই যে, আমলনামা ডানহাতে পাওয়ার সাথে সাথেই তারা আনন্দে উদ্বেলিত হয়ে উঠবে এবং নিজের বন্ধু-বান্ধবদের তা দেখাবে। সে আহলাদে আটখানা হয়ে আশেপাশের লোকজনকে বলবে, লও আমার আমলনামা পাঠ করে দেখ। কুরআনের অন্যত্র বলা হয়েছে যে, "সে আনন্দচিত্তে আপনজনদের কাছে ফিরে যাবে" [সূরা আল-ইনশিকাক: ৯]

তাফসীরে জাকারিয়া

- (১৯) সুতরাং যাকে তার আমলনামা তার ডান হাতে দেওয়া হবে[1] সে বলবে, 'এই নাও, আমার আমলনামা পড়ে দেখ; [2]
  - [1] যা তার সৌভাগ্য, মুক্তি ও সাফল্যের দলীল হবে।
  - [2] অর্থাৎ, সে অত্যধিক খুশী হয়ে সকলকে বলবে যে, 'নাও পড়। আমার আমলনামা তো আমি পেয়ে গেছি।' কারণ সে জেনে যাবে যে, এতে কেবল পুণ্যসমূহই থাকবে। কিছু পাপ থাকলেও আল্লাহ হয়তো তা ক্ষমা করে দেবেন অথবা সে পাপগুলোকে পুণ্যে পরিবর্তন করে দেবেন। যেমন, মহান আল্লাহ ঈমানদারদের সাথে দয়া ও অনুগ্রহের এমনতর বিভিন্ন পদ্ধতি অবলম্বন করবেন।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5342

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন